দুরন্ত বার্তা, সাগর, ১২ এপ্রিল : আবগারি বিভাগের কর্তারা গোপন সূত্রে খবর পায় গঙ্গাসাগরের মহেঃদ্রগজ এলাকায় বেশ কিছুদিন ধরে বেশ কিছু অসাধু ব্যবসায়ী এলাকায় চোলাই মদের ব্যবসা খুলে বসেছেন। আর এই গোপন সূত্রে খবর পারার পরই আবগারি বিভাগ ও পুলিশ হানা দেয় ওই এলাকায়। তল্লাশি চালিয়ে স্থানীয় একটি পুকুরে পার্কের মধ্যে থেকে ব্যারেল ব্যারেল চোলাই মদ উদ্ধার করে পুলিশ। এই ঘটনায় মনোরঞ্জন নামে এক ব্যবসায়ীকে গ্রেফতার করে পুলিশ । উদ্ধার হওয়া কয়েকশো লিটার চোলাই মদ উদ্ধার করে তা নষ্ট করে দেয় আবগারি বিভাগের অধিকারিকেরা। অভিযুক্তের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ৪৬ac Bengal Exide act - এ ধারার মামলা রজু করেছে পুলিশ।

আবার জয়নগরে মর্মান্তিক পথ দূর্ঘটনা, আহত দুই, ভর্তি হাসপাতালে

দুরন্ত বার্তা, জয়নগর, ১২ এপ্রিল : পথ দূর্ঘটনা বেড়ে চলেছে জয়নগর সহ আরোপাশের এলাকায়।ঈদ উসরের রাতে আবার মর্মান্তিক পথ দূর্ঘটনা জয়নগরে। আহত দুই। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, বৃহস্পতিবার ঈদের রাতে জয়নগর থানার উত্তর দুর্গাপুর জোড়া মন্দরতলা এলাকায়। স্থানীয়রা আহতদের উদ্ধার করে জয়নগরের দুটি নার্সিংহোমে ভর্তি করার পরে অতস্থ আচমকা ধাক্কা মারে জয়নগর থেকে ভর্তি করার পরে অতস্থ সংক্রজনক হওয়ায় তাকে কলকাতার হাসপাতালে স্থানান্তরিত

করে চিকিৎসকেরা।আর আরেক আহত রাকিবের পায়ে ঢেট লাগে। তাকে জয়নগরের অপার একটি নার্সিংহোমে ভর্তি করা হয়েছে।সেখানে চিকিৎসা চলাছে আহত ঐ ব্যক্তির। এদিকে এই ঘটনার খবর পেয়ে জয়নগর থানার পুলিশ গিয়ে দূর্ঘটনা প্রস্থ মোটরবাইক টি উদ্ধার করে জয়নগর থানায় নিয়ে আসে।পুরো ঘটনার তদন্ত শুরু করেছে জয়নগর থানার পুলিশ। তবে ক্রমাগত এই পথ দূর্ঘটনা বেড়ে চলায় শংকিত সাধারণ মানুষ।

ভোটের সময় কেন্দ্রীয় বাহিনীর ওপর নজরদারি রাখবে নির্বাচন কমিশন

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ এপ্রিল : নির্বাচন কমিশন ভোটের দিন গুলিতে কেন্দ্রীয় বাহিনীর গতিবিধির ওপর নজরদারি রাখবে। এই প্রথমবার ভোটের আটকলিশ ঘণ্টা আগে থেকে ভোট শেষ হওয়ার পর কেন্দ্রীয় বাহিনীর গতিবিধির ওপর নিজস্ব সার্ভিলেন্স টিম মারফত নজরদারি চালানো হবে বলে কমিশন সূত্রে জানা গেছে। কেন্দ্রীয় বাহিনীর ব্যবহার এবং গতিবিধি নিয়ে রাজনৈতিক দলগুলির অভিযোগের প্রেক্ষিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এবার ভোটের অনেক আগে থেকেই রাজ্যে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে। তবে অভিযোগ তাঁদের যথাযথ ভাবে কাজে লাগানো হচ্ছে না। সেই অভিযোগ নিসেন এই সিদ্ধান্ত বলে জানা গেছে। নির্বাচন কমিশন আগামী ২৬ এপ্রিল দ্বিতীয় দফায় লোকসভা নির্বাচনে রাজ্যের যে তিন আসনে ভোট নেওয়া হবে তার আইনশৃঙ্খলা নিয়ন্ত্রনে তিনজন পুলিশ পর্যবেক্ষক নিয়োগ করেছে। দার্কলিং এর জন্যে প্রদীপ কুমার যাদব, রায়গঞ্জ কেন্দ্রের জন্য সুভাষ চন্দ্র দুবে এবং বালুঘাটে শ্রী হনুমন্তরায়্য কে দায়িত্ব দেওয়া হয়েছে বলে মুখ্য নির্বাচনী অধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে। এছাড়াও এই তিন কেন্দ্রের জন্য তিনজন সাধারণ পর্যবেক্ষক ও তিনজন ব্যায় পর্যবেক্ষককেও দায়িত্ব দেওয়া হয়েছে।

গ্রীষ্মকালীন বিশেষ ট্রেন

কলকাতা, ১২ এপ্রিল : গ্রীষ্মকালে যাত্রীদের অতিরিক্ত ভিডের কথা মাথায় রেখে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী সামার স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে-
০২৮৬৩০২৮৬৪ হাওড়া - যশবন্তপুর - হাওড়া সামার স্পেশাল- ০২৮৬৩ হাওড়া- যশবন্তপুর স্পেশাল ১৮.০৪.২০২৪ থেকে ২৭.০৬.২০২৪ পর্যন্ত প্রতি বৃহস্পতিবার হাওড়া থেকে ১২.৪০ ঘটিকায় ছেড়ে যাবে এবং তৃতীয় দিনে ০০.১৫ মিনিটে যশবন্তপুরে পৌঁছাবে। ফেরার পথে, ০২৮৬৪ যশবন্তপুর-হাওড়া স্পেশাল ২০.০৪.২০২৪ থেকে ২৯.০৬.২০২৪ পর্যন্ত প্রতি শনিবারে ০৫.০০ ঘটিকায় যশবন্তপুর ছেড়ে যাবে এবং পরের দিন ১৩.২৫ টায় হাওড়া পৌঁছাবে। বিশেষ ট্রেনটির স্টপেজ থাকবে দক্ষিণ পূর্ব রেলওয়ের এখতিয্যারের খড়গপুর এবং বালেশুরে। ০৫৫০৭০৬৫০৮ SMVT বেসালুরু-খড়গপুর-SMVT বেসালুরু সামার স্পেশাল-০৬৬৫০৭ SMVT বেসালুরু-খড়গপুর স্পেশাল ক্ষম্ত্ত্ব বেসালুরু থেকে প্রতি শুক্রবার ১২.০৪.২০২৪ থেকে ১৭.০৫.২০২৪ পর্যন্ত ১৫.৫০ টায় ছেড়ে যাবে এবং তৃতীয় দিন ০২.৪৫ টায় খড়গপুর পৌঁছাবে। ফেরার পথে, ০৬৫০৮ খড়গপুর-SMVT বেসালুরু স্পেশাল খড়গপুর থেকে প্রতি সোমবার ১৫.০৪.২০২৪ থেকে ২০.০৫.২০২৪ পর্যন্ত ১৪.০০ টায় ছেড়ে যাবে এবং পরের দিন ১৯.৫০ টায় SMVT বেসালুরুতে পৌঁছাবে। বিশেষ ট্রেনটির স্টপেজ থাকবে দক্ষিণ পূর্ব রেলওয়ের বালেশুরে। ০৬০৮১০৬০৮২ কচু ভেঙ্গি-শালিমার-কচু ভেঙ্গি সামার স্পেশালঃ০৬০৮১ কচুভেঙ্গি-শালিমার স্পেশাল কচুভেঙ্গি থেকে প্রতি শুক্রবার ১২.০৪.২০২৪ থেকে ৩১.০৫.২০২৪ পর্যন্ত ১৬.২০ টায় ছেড়ে যাবে এবং তৃতীয় দিন ১৩.৪০ টায় শালিমারে পৌঁছাবে। ফেরার পথে, ০৬০৮২ শালিমার-কচুভেঙ্গি স্পেশাল প্রতি সোমবার ১৫.০৪.২০২৪ থেকে ০৩.০৬.২০২৪ পর্যন্ত ১৪.২০ মিনিটে শালিমার থেকে ছেড়ে যাবে এবং তৃতীয় দিন ০৯.৫৫ মিনিটে কচুভেঙ্গি পৌঁছাবে। বিশেষ ট্রেনটির স্টপেজ থাকবে দক্ষিণ পূর্ব রেলওয়ের বালেশুর, খড়গপুর এবং সানরাগছিতে।

গেরস্থালি

আপনার বাড়ির সাজে যেন থাকে বাঙালিয়ানার ছোঁয়া



এসে গেল পয়লা বৈশাখ। নিজেকে সাজানোর জন্য তো পোশাক কিনে ফেলেছেন। কিন্তু নিজের বাড়িকে সাজাবেন তো? কি ভাবছেন, কীভাবে বাড়ির সাজে নতুনত্ব আনবেন? কোনো চিন্তা নেই, পয়লা বৈশাখের ঘরের সাজসজ্জা কি ভাবে করবেন দেখে নিন- ১) বসার ঘর সাজান মাটির শো পিস দিয়ে। সারা বছর তো নানান পেস্টিং, নানারকমের শোপিস দিয়ে

ঘর সাজিয়ে থাকেন। নববর্ষের সময় ঘরে আনুন নতুন ছোঁয়া। ঘর সাজাতে ব্যবহার করুন মাটির ফুলদানি, মাটির ব্যাড এবং মাটির বিভিন্ন শো পিস। ২) বাঁশ ও বেতের তৈরি চোয়ার বা মোরা রাখুন ঘরে। তেমনই কিংবা বাঁশের তৈরি প্লেট, চামচের সেট কিনতে পারেন। খেয়াল রাখবেন আপনার বাড়ির সাজে যেন থাকে বাঙালিয়ানার ছোঁয়া। ৩) ভাইনিং

টেবিলে ওপর এমন জিনিস রাখলে ঘর দেখাবে সুন্দর। এরই ঘরে ঘরে রাখুন গাছ। বর্তমানে অনেকেই গাছ দিয়ে অনেকে ঘর সাজান। এতে ঘর থাকবে ঠান্ডা তেমনই ঘর দেখাবে সুন্দর। ৪) শোওয়ার ঘরে জানলায় লাগান হালকা রঙের পর্দা। আর বিছানা এমন চাদর পাতুন যাতে বাউলের ডিজাইন, ফুলের নকশা, আলপনা ডিজাইনে মতো নকশা থাকবে। হালকা রঙের চাদর পাতা ভালো। এতে গরমে ঘর থাকবে ঠান্ডা সঙ্গে আসবে বাঙালি ছোঁয়া। ইচ্ছে করলে, জানালার আকর্ষণ বাড়াতে বুলিয়ে দিতে পারেন লাল ও সাদা রঙের শাড়িও। দেখবেন ঘরের লুক বদলে যাবে। ৫) কুশন কভার, টেবিল ক্ৰুখে রঙের ছোঁয়া আনুন। তেমনই শোওয়ার ঘর সাজাতেও ব্যবহার করতে পারেন গাছের। কিংবা ঘরের জানলায় গাছ রাখুন। ৬) বকুল, রজনীগন্ধা, দোলন চাপা কিংবা বেলফুলের মালা দিয়ে যেমন ঘর সাজাতে পারেন তেমনই রাখতে পারেন গোলাপ বা সূর্যমুখী ফুল।

এসি-কুলার ছাড়াই ঘর রাখুন ঠান্ডা, জেনে নিন এই পাঁচ উপায়



এপ্রিলেই যদি এত গরমের চোখ রাঙানি হয়, তবে মে-জুন মাসে কী হবে? বেলা বাড়ার অপেক্ষা আর করতে হচ্ছে না। সকাল সাতটা বা আটটা বাজলেই আর তাকানো যাচ্ছে না বাইরের দিকে। ঘরের চারটে দেওয়ালের আঁচ টের পাওয়া যাচ্ছে। কতক্ষণ আর এসি বা কুলার চালাবেন! তার চেয়ে ঘরোয়া কয়েকটি পদ্ধতি জেনে রাখুন। এতেই ঘর কিছুটা ঠান্ডা রাখা সম্ভব। যাঁদের বসত বাড়ি তাঁরা বাড়ির চারপাশে গাছ লাগান। এমন গাছ লাগাবেন যাতে একটু ছাওয়া পাওয়া যায়। পূর্ব বা পশ্চিম দিক বুয়ে গাছ গুলো লাগালে ভালো। এতে সূর্যের আলো সরাসরি প্রবেশ করতে পারে না। এবার আসা যাক ফ্ল্যাটের কথায়। তাঁরা কী করবেন? ছোট ছোট গাছ লাগাবেন বারান্দা বা জানলার পাশে। গরমের এই সময় কিন্তু জলই জীবন। একথা যেমন আপনার ক্ষেত্রে সত্যি, তেমনই আপনার বাড়ির ক্ষেত্রেও প্রযোজ্য। তিন থেকে চার বালতি জল নিয়ে জানলার নিচে রেখে দিন। এই জলে পর্দার কিছুটা অংশ ভিজিয়ে নিতে যাবেন। তার পর পাখা চালিয়ে দিলেই টের পাবেন ঠান্ডা। গরমের এই সময় ভারী পর্দা ব্যবহার করা ভালো। মাদুরের পর্দাও ব্যবহার করতে পারেন। গরমের এই সময় বাথরুমে যাওয়া যেন বিভীষিকার মতো। বাড়ির অন্যান্য জায়গা থেকে তা আরও বেশি গরম থাকে। গরমের এই সময় যতটা পারবেন বাথরুমের দরজা খোলা রাখবেন। এতে চিক্কাচ ভেন্টেশন হয়। চাইলে বাথরুমের ফ্লোরে একটু ঠান্ডা জল ঢেলে নেবেন। বৈদ্যুতিক যন্ত্রপাতি বিশেষ করে টিভি, লাইট, ফ্রিজের প্রয়োজন না হলে বন্ধ রাখবেন। হ্যাঁ, এই সময় ফ্রিজ বন্ধ রাখা প্রায় অসম্ভব। কারণ তাতেই খাবার, ঠান্ডা জল, বরফ থাকে। সেক্ষেত্রে বাকি জিনিস গুলোর দিকে খেয়াল রাখুন। মোবাইলের চার্জ থেকেও নাকি তাপ নির্গত হয়। গরমের এই সময় বিছানার চাদর বা বালিশের কভারের ঝং হালকা রাখাই ভালো। এতে চোখের আরাম হবে, আবার তাপও কম থাকবে। খেয়াল রাখবেন ছানার চাদর বা বালিশের কভার যেন সুতির হয়। কাপড় মোটা হলে ঘাম বেশি হয়। সূর্য ডোবার পালা এলেই বাড়ি বা ফ্ল্যাটের জানলার পাল্লা খুলে দেবেন। এতে গরম বাতাস বেরিয়ে যাবে। আর বাইরের হাওয়া ঢুক ঘরের তাপমাত্রা কিছুটা কমে যাবে। গুমোট ভাবটা আর থাকবে না।

ফ্রিজ পরিষ্কার করার সময় অবশ্যই বন্ধ করা প্রয়োজন

গরমের এই সময়ে গৃহস্থের বাড়িতে সবচেয়ে বেশি যেটা প্রয়োজন তা ফ্রিজ। এই সেই জায়গা যাতে খাবারের জল থাকবে ঠান্ডা, সবজি থাকবে তাজা। আবার ঠান্ডা পানীয়ও রেখে দেওয়া যাবে। পাওয়া যাবে জমা বরফ। এত কিছু যেখানে থাকবে সেই জায়গা তো পরিষ্কারও রাখতে হবে। কীভাবে? উপায় বেশ সহজ। প্রথমেই যে জিনিসগুলো হাতের কাছে নিয়ে নেবেন তা হল, ছোট তোয়ালে, পুরোনো ব্রাশ, নরম স্পঞ্জ, ভিনেগার বা সার্ক ও জল। ফ্রিজ রাখা সমস্ত জিনিস বের করে বাইরে রাখুন। এবার ফ্রিজের সুইচ অফ করে প্রাণ খুলে রাখুন। পরিষ্কারের কাজ শুরু করার অন্তত আধ ঘণ্টা আগে এই কাজটি করবেন। এতে ফ্রিজের ভিতরে থাকে সমস্ত বরফ গলে যাবে। এবার ফ্রিজের তাকগুলো খুলে রাখুন। ডিপফ্রিজের ট্রে বের করে ফেলুন। সেগুলো কিন্তু পরিষ্কার করার জন্য খুব গরম জল ব্যবহার করবেন না। কুসুম গরম ধুয়ে নিন। তার পর সার্ক মিশিয়ে স্পঞ্জ দিয়ে ঘষে ঘষে পরিষ্কার করে ফেলুন। এতেই জীবন শুরু হবে। এবার ফ্রিজের ভিতরের ভাগ পরিষ্কার করার পালা। সার্ক মেশিনে জল প্রথমে চারপাশে স্প্রে করে দিন। মিনিট দুই-তিনেক অপেক্ষা করুন।

মোদী জনগণের সুখে-দুঃখে পাশে আছে : প্রধানমন্ত্রী



বারমের, ১২ এপ্রিল : মোদী জনগণের সুখে-দুঃখে পাশে আছে, জনতার স্বপ্নই মোদীর সংকল্প। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শুক্রবার রাজস্থানের বারমেরে এক নির্বাচনী জনসভায় প্রধানমন্ত্রী মোদী বলেছেন, মোদী জনগণের সুখে-দুঃখে পাশে আছে, কারণ জনগণের স্বপ্নই মোদীর সংকল্প। কয়েক দশক ধরে তফসিলি জাতি, উপজাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণি সম্প্রদায়ের মানুষজনের প্রতি বৈষম্যকারী কংগ্রেস এখন ঢোল বাজাচ্ছে। যখনই নির্বাচন আসে- সংবিধানের নামে মিথ্যাচার আইএনডিআই জোটের সব সাংবিধানিক দলের কাছে একটি ফ্যাশনে পরিণত হয়েছে। কংগ্রেস ইচ্ছাকৃতভাবে বাবা সাহেব ভীম রাও অশ্বৈদকরকে নির্বাচনে হারিয়েছিল এবং তাকে ভারতরত্ন দেতে দেননি। কংগ্রেস দেশে জরুরি অবস্থা জারি করে সংবিধানকে ধ্বংস করার চেষ্টা করেছিল, এখন তারা মোদীর বিরুদ্ধে সর্ববৃহৎ সংবিধানের নামে মিথ্যার আশ্রয় নিচ্ছে। মোদীই প্রথমবারের মতো দেশে সংবিধান দিবস উদযাপন শুরু করেছিল, বাবা সাহেবের সাথে যুক্ত পঞ্চতর্ষের বিকাশ করেছে।

প্রধানমন্ত্রীর কথায়, কংগ্রেস এবং তাঁদের আইএনডিআই জোট থেকে সাবধান থাকা দরকার যা বাবাসাহেব এবং সংবিধানকে অপমান করে। কংগ্রেসকে শাস্তি দেওয়ার সময় এসেছে। কংগ্রেসের ইন্তেহারে স্পষ্ট দেখা যাচ্ছে যে কংগ্রেসের দেওয়া প্রতিশ্রুতি কতটা ঘৃণাতে ভরা। কংগ্রেসের ইন্তেহারে মুসলিম লীগের ছাপ দৃশ্যমান। বিরোধীদের জোটে অস্তিত্ব আরেকটি দল দেওয়ার বিরুদ্ধে অত্যন্ত বিপজ্জনক ঘোষণা করেছে।

নিজের ইন্তেহারে সে দল লিখেছে, আমরা ভারতের পারমাণবিক অস্ত্র ধ্বংস করব। ভারতের মতো যে দেশের প্রতিবেশী দুই দেশেরই পারমাণবিক অস্ত্র রয়েছে, সেখানে পারমাণবিক অস্ত্র নির্মূল করা কি ঠিক? কংগ্রেসের এই ইন্ডি জোট কোন চাপে ভারতের পারমাণবিক অস্ত্র নির্মূল করতে চায়? একদিকে মোদী ভারতকে শক্তিশালী দেশ হিসেবে

Name Change

I, Biswanath Malla (old name) S/O Late Rabindra Nath Mallaha, residing at Vill & P.O.- Char Shambhu Nagar, P.S.- Kotwali, Dist- Nadia, Pin- 741103, West Bengal, India. have changed my name to (shall henceforth be known as) Bismwath Mallaha (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 09/04/2024. Biswnath Mallaha (new name) and Biswanath Malla (old name) both are same identical person.

Name Change

I, Vinita Sharma (old name) W/o Satinder Pal Sharma Presently residing at Shyam Kunj Flat- 24, Floor-4th, 12B, Lord Sinha Road, West Bengal, India. have changed my name to (shall henceforth be known as) Namrata Sharma (new name) vide an affidavit sworn before the 1st Class Judicial Magistrate at Kolkata on 09/04/2024. Namrata Sharma (new name) and Vinita Sharma (old name) both are same identical person.

Name Change

I, Sanjeeb Kumar Singh & Sanjeev Kumar (old name) S/O Madan Mohan Prasad Singh, residing at Alo Office, Sayer Nibedita Sarani, Rajpur, P.O.- Panchpota, P.S.- Sonarpur, Baruipur, Pin- 700152, West Bengal, India. have changed my name to (shall henceforth be known as) Sanjeeb Singh (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 12/04/2024. Sanjeeb Singh (new name) and Sanjeeb Kumar Singh & Sanjeev Kumar (old name) both are same identical person.

Name Change

I, (Old Name) HESAMUDDIN SK S/O-MUSA SK, Residing at Vill- Hatpara, Post- Hazarpur Nabagram, Ps -Kandi, Dist- Murshidabad, Pin- 742136, West Bengal. Do hereby declare that I have Changed my name from HESAMUDDIN SK To HESAMADDIN SK (New name) and hence forth I Shall be Known as (New name) HESAMADDIN SK in all purpose Vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 20/03/2024, HESAMADDIN SK and HESAMUDDIN SK both are Same and one identical person.

Name Change

I, (Old Name) RAHANOMA ISLAM & ARHONOMA ISLAM S/o- NURUL ISLAM, Residing at Vill- Barogachhia, Post- Chanchal, Ps - Chanchal, Dist-Malda, Pin- 732123, West Bengal. Do hereby declare that I have Changed my name from RAHANOMA ISLAM & ARHONOMA ISLAM To RAHONOMA ISLAM (New name) and hence forth I Shall be Known as (New name) RAHONOMA ISLAM in all purpose Vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 20/03/2024, RAHONOMA ISLAM and RAHANOMA ISLAM both are Same and one identical person.

Name Change

I, (Old Name) TOHIDUL SAIKH S/O- NAJIR SAIKH, Residing at Vill- Bahadrapur, Post- Gantia, Ps - Kandi, Dist- Murshidabad, Pin- 742136, West Bengal. Do hereby declare that I have Changed my name from TOHIDUL SAIKH To TOHIDUL ISLAM (New name) and hence forth I Shall be Known as (New name) TOHIDUL ISLAM in all purpose Vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 20/03/2024, TOHIDUL ISLAM and TOHIDUL SAIKH both are Same and one identical person.

Name Change

I SUSMITA MITRA SANTRA.WIFE OF PRANAY MITRA, RESIDING AT BLOCK-2,FLAT-1A,888 MADUR-DAHA,PO-E.K.T.P,PS-ANANDAPUR, KOLKATA -700107, WEST BENGAL.SHALL HENCEFORTH BE KNOWN AS SUSMITA SANTRA VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/04/2024.THAT SUSMITA MITRA SANTRA AND SUSMITA SANTRA BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change

I, Somnath Banerjee (old name) S/O Bimal Sengupta, residing at Moonlit Heights Flat-3C, Kamalgazi, Narendrapur, Dist- South 24 Pgs, Pin- 700103, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Arghya Sengupta (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 09/04/2024. Arghya Sengupta (new name) and Somnath Banerjee (old name) both are same identical person.

Name Change

I, Antara Banerjee and Ayesh Sengupta (old name) W/O Arghya Sengupta, residing at Moonlit Heights Flat-3C, Kamalgazi, Narendrapur, Dist- South 24 Pgs, Pin- 700103, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Antara Sengupta (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 09/04/2024. Antara Sengupta (new name) and Antara Banerjee and Ayesh Sengupta (old name) both are same identical person.

Name Change

I, MD ABUL KASEM PERVEJ S/o- MD AYESUDDIN, Residing at Vill- Miliik Sultapur, Post- umakantatala, Ps - Kaliachak, Dist- Malda, Pin- 732216, West Bengal. That my Son's (Old Name) MOHAMMAD NAJMUS SAHADAT PARVEJ DO hereby declare that I have Changed my Son's name from MOHAMMAD NAJMUS SAHADAT PARVEJ To MD NAJMUS SAHADAT PERVEJ (New name) and hence forth I Shall be Known as my son's (New name) MD NAJMUS SAHADAT PERVEJ in all purpose Vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 20/03/2024, MD NAJMUS SAHADAT PERVEJ and MD NAJMUS SAHADAT PARVEJ both are Same and one identical person.

Name Change

I, (Old Name) MD RAJA SABBJI S/o- ILIYAS, Residing at Vill- Kalltapara gayeshpur, Post- Jhaljhalia, Ps- Englishbazar, Dist- Malda, Pin- 732102, West Bengal. Do hereby declare that I have Changed my name from MD RAJA SABBJI To RAJA SABBJI (New name) and hence forth I Shall be Known as (New name) RAJA SABBJI in all purpose Vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 20/03/2024, RAJA SABBJI and MD RAJA SABBJI both are Same and one identical person.

Name Change

I, (Old Name) MD SAHNAWAZ KAMAL S/o- ABDUR RAFIK, Residing at Vill- Hajj Khairulla al Hossain para, Post- Gayeshbari, Ps - Kaliachak, Dist- Malda, Pin- 732206, West Bengal. Do hereby declare that I have Changed my name from MD SAHNAWAZ KAMAL To MD SHAHNAWAZ (New name) and hence forth I Shall be Known as (New name) MD SHAHNAWAZ in all purpose Vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 20/03/2024, MD SHAHNAWAZ and MD SAHNAWAZ KAMAL both are Same and one identical person.

Name Change

I, RABEYA BIBI W/o- SK HAIYUL, Residing at Vill- Gafur sekh para(Miki), Post- Miki, Ps - Englishbazar, Dist- Malda, Pin- 732211, West Bengal. that my Son's (Old Name) MONISH SHAIKH DO hereby declare that I have Changed my Son's name from MONISH SHAIKH To SK MONISH (New name) and hence forth I Shall be Known as my son's (New name) SK MONISH in all purpose Vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 20/03/2024, SK MONISH and MONISH SHAIKH both are Same and one identical person.

Name Change

I, (Old Name) MD MAJUR HOSSAIN S/o- LATE MD ASABUDDIN SK, Residing at Vill- Pura chand pur, Jalalpur, Ps - Kaliachak, Dist- Malda, Pin- 732206, West Bengal. Do hereby declare that I have Changed my name from MD MAJUR HOSSAIN To MD MANJUR HOSSAIN (New name) and hence forth I Shall be Known as (New name) MD MANJUR HOSSAIN in all purpose Vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 20/03/2024, MD MANJUR HOSSAIN and MD MAJUR HOSSAIN both are Same and one identical person.

Name Change

I, (Old Name) MOHAMMAD ABUL KASEM PERVEJ S/o- MD AYESUDIN, Residing at Vill- Miliik Sultapur, Post- umakantatala, Ps - Kaliachak, Dist- Malda, Pin- 732216, West Bengal. Do hereby declare that I have Changed my name from MOHAMMAD ABUL KASEM PERVEJ To MD ABUL KASEM PERVEJ (New name) and hence forth I Shall be Known as (New name) MD ABUL KASEM PERVEJ in all purpose Vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 20/03/2024, MD ABUL KASEM PERVEJ and MOHAMMAD ABUL KASEM PERVEJ both are Same and one identical person.

ইসরায়েলের নিরাপত্তার জন্য সবকিছু করব : বাইডেন



বাইডেনের সঙ্গে ছিলেন জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা। এ সময় বাইডেন বলেন, ‘ নেতানিয়াহুকে আমি যেমনটা বলেছি, ইরান ও দেশটির সমর্থিত গোষ্ঠীগুলোর এই হুমকির বিপরীতে ইসরায়েলের নিরাপত্তা রক্ষায় আমাদের প্রতিশ্রুতি সৌহবর্নের মতো।’ ১ এপ্রিল সিরিয়ার রাজধানী দামেস্কে ইরানের কনসুলেটে হামলা চালায় ইসরায়েল। হামলায় ভবনটি বিধ্বস্ত হওয়া ছাাও ইরানের কয়েকজন কর্মকর্তা নিহত হন। এরপর থেকে হামলার প্রতিশোধ নেওয়ার হুমকি দিয়ে আসছে তেহরান। ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি বলেছেন, ইসরায়েলকে অবশ্যই শাস্তি পেতে হবে।এদিকে বাইডেন এমন সময়ে এ মন্তব্য করলেন, যখন আগের দিন মঙ্গলবার প্রকাশিত একটি সাক্ষাৎকারে তিনি ফিলিস্তিনের গাজায় ইসরায়েলের যুদ্ধ কৌশলের সমালোচনা করেছিলেন। একই সঙ্গে উপতরকাটিতে যুদ্ধবিরতির জন্য নেতানিয়াহুর প্রতি আহ্বান জানিয়েছিলেন। বাইডেন বলেন, ‘ মনে করি তিনি ভুল করছেন।’ গত ৭ অক্টোবর থেকে গাজায় হামলা চালাচ্ছে ইসরায়েল। এতে উপতরকাটিতে ৩৬ হাজারের বেশি ফিলিস্তিনি নিহত হয়েছে। হামলার শুরু থেকে ইসরায়েলকে সমর্থন দিয়ে এসেছে যুক্তরাষ্ট্র। অস্ত্র দিয়েও সহায়তা করেছে। এর পাশাপাশি গাজায় যুদ্ধবিরতির চেষ্টায় তপস্বী রয়েছে বাইডেন সরকার। উপতরকাটির দক্ষিণে রাফা এলাকায় ইসরায়েলের সম্ভাব্য হামলার বিরোধিতাও করে আসছে তারা।

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ ইরানের অব্যাহত হুমকির মধ্যে ইসরায়েলের পাশে থাকার প্রতিশ্রুতি দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন। স্থানীয় সময় গতকাল বুধবার সাংবাদিকদের তিনি বলেন, ‘ নিরাপত্তা সুরক্ষিত করতে আমরা সবকিছু করব।’ গতকাল হোয়াইট হাউসে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ের সময় বাইডেনের সঙ্গে ছিলেন জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা। এ সময় বাইডেন বলেন, ‘ নেতানিয়াহুকে আমি যেমনটা বলেছি, ইরান ও দেশটির সমর্থিত গোষ্ঠীগুলোর এই হুমকির বিপরীতে ইসরায়েলের নিরাপত্তা রক্ষায় আমাদের প্রতিশ্রুতি সৌহবর্নের মতো।’ ১ এপ্রিল সিরিয়ার রাজধানী দামেস্কে ইরানের কনসুলেটে হামলা চালায় ইসরায়েল। হামলায় ভবনটি বিধ্বস্ত হওয়া ছাাও ইরানের কয়েকজন কর্মকর্তা নিহত হন। এরপর থেকে হামলার প্রতিশোধ নেওয়ার হুমকি দিয়ে আসছে তেহরান। ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি বলেছেন, ইসরায়েলকে অবশ্যই শাস্তি পেতে হবে।এদিকে বাইডেন এমন সময়ে এ মন্তব্য করলেন, যখন আগের দিন মঙ্গলবার প্রকাশিত একটি সাক্ষাৎকারে তিনি ফিলিস্তিনের গাজায় ইসরায়েলের যুদ্ধ কৌশলের সমালোচনা করেছিলেন। একই সঙ্গে উপতরকাটিতে যুদ্ধবিরতির জন্য নেতানিয়াহুর প্রতি আহ্বান জানিয়েছিলেন। বাইডেন বলেন, ‘ মনে করি তিনি ভুল করছেন।’ গত ৭ অক্টোবর থেকে গাজায় হামলা চালাচ্ছে ইসরায়েল। এতে উপতরকাটিতে ৩৬ হাজারের বেশি ফিলিস্তিনি নিহত হয়েছে। হামলার শুরু থেকে ইসরায়েলকে সমর্থন দিয়ে এসেছে যুক্তরাষ্ট্র। অস্ত্র দিয়েও সহায়তা করেছে। এর পাশাপাশি গাজায় যুদ্ধবিরতির চেষ্টায় তপস্বী রয়েছে বাইডেন সরকার। উপতরকাটির দক্ষিণে রাফা এলাকায় ইসরায়েলের সম্ভাব্য হামলার বিরোধিতাও করে আসছে তারা।

হরিয়ানায় স্কুলবাস দুর্ঘটনায় গ্রেপ্তার প্রিন্সিপাল-সহ ৩, চার সদস্যের তদন্ত কমিটি গঠন

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ বৃহস্পতিবার এক মর্মান্তিক দুর্ঘটনায় প্রাণ গেল হয় স্কুল ছাত্রের। হরিয়ানার মহেন্দ্রগড়ে কানিনার উনহানি গ্রামের কাছে দুর্ঘটনাটি ঘটে। জিএল পাবলিক স্কুলের প্রায় ৪০ জন ছাত্রকে নিয়ে যাচ্ছিল বাসটি। সেই সময় একটি গাছের সঙ্গে ধাক্কা খেয়ে উল্টে যায় বাসটি। তবে গাছে ধাক্কা মারার ঠিক আগে বাস থেকে লাফিয়ে গা ঢাকা দেয় চালক। এই বাস দুর্ঘটনায় ৬ জন পড়ুয়ার মৃত্যু হয়েছে, আরও ১৫ জন হাসপাতালে চিকিৎসাধীন। ঘটনার তদন্তে চার সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে হরিয়ানা সরকার। রাজ্যের সমস্ত জেলা এবং ব্লকের শিক্ষা আধিকারিকদের বৈঠকেও ডাকা হয়েছে। মহেন্দ্রগড়ের উনহানি গ্রামের কাছে দুর্ঘটনার সম্মুখীন হয় এই স্কুলবাসটি। পুলিশ জানিয়েছে, সামনে থাকা অন্য একটি গাড়িকে ওভারটেক করতে গিয়েই বিপত্তি ঘটে। রাস্তার ধারের এক গাছে ধাক্কা মেরে উল্টে যায় স্কুল বাস।

অভিযোগ উঠেছিল যে, বাসের চালক মদ খেয়ে ছিলেন। সেই অনুযায়ী পরীক্ষা করা হয় তার। পুলিশ জানিয়েছে, চালক যে মদ



খেয়ে ছিলেন তার প্রমাণ মিলেছে। স্কুল প্রিন্সিপাল, বৃহস্পতিবারই এবং বাসের চালক, এই তিনজনকেই গ্রেফতার করেছে পুলিশ। দুর্ঘটনাপ্রস্থ বাসটির অবস্থাও এমনিও ভাল ছিল না বলে দাবি করা হয়েছে। পুলিশ জানতে পেরেছে, ৬ বছর আগে বাসের ফিটনেস সার্টিফিকেট শেষ হয়ে গেছিল।

তা সত্ত্বেও বাস চালানো হচ্ছিল। সরকারি ছুটি থাকার পরও কী করে কর্তৃপক্ষ স্কুল খোলা রাখল সে নিয়ে তদন্ত হবে। দোষীদের

মার্চ, ২০২৪-এ পণ্য আনলোডিংয়ে স্থির বৃদ্ধি অব্যাহত রেখেছে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

মালিগাঁও, ১২ এপ্রিল : উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে পণ্য আনলোডিংয়ের ক্ষেত্রে ধারা বাহকভাবে বৃদ্ধি পঞ্জীয়ন করে আসছে। মার্চ মাসে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের দ্বারা ১৩০৬টি পণ্যবাহী রেক আনলোড করা হয়েছে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে দ্বারা গত ফেব্রুয়ারি, ২০২৪-তে আনলোড করা ১২৬৮টি রেকের তুলনায় এটি প্রায় ৫.৪৯ অধিক। প্রকৃতপক্ষে,

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ২০২৩-২৪ অর্থবছরে সামগ্রিক ভাবে ১৪০৫৬টি মালবাহী রেক আনলোড করেছে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে একসিআই চাল, চিনি, লবণ, খাদ্য উপযোগী তেল, সার, সিমেন্ট, কয়লা, সবজি, অটো, ট্যাক, কন্টেইনারের মতো পণ্যসামগ্রী ও অন্যান্য সামগ্রী সংশ্লিষ্ট মাসে পরিবহণ করেছে এবং নিজস্ব আধিক্ষত্রের অধীনে বিভিন্ন

গুডস শেডে সেগুলি আনলোড করেছে। মার্চ, ২০২৪-এ অসমে পণ্যবাহী ট্রেনের ৭৪৬টি রেক আনলোড করা হয়েছে, যার মধ্যে ৩৬৭টি রেকে তাড়াবশ্যকীয় সামগ্রী লোড ছিল। সংশ্লিষ্ট মাসে ত্রিপুরায় ১০৬টি রেক, নাগাল্যান্ডে ২৪টি রেক, অরুণাচল প্রদেশে ৯টি রেক, মণিপুরে ২টি রেক এবং মিজোরামে ৭টি রেক আনলোড করা হয়। এছাড়াও, সংশ্লিষ্ট মাসে উত্তর পূর্ব

সীমান্ত রেলওয়ের আধিক্ষত্রের মধ্যে পশ্চিমবঙ্গে ২৩০টি পণ্য রেক ও বিহারে ১৮২টি পণ্য রেক আনলোড করা হয়। কেবল সাধারণ মানুষের অপরিহার্য প্রয়োজনীয়তা পূরণের জন্যই নয়, সেই অঞ্চলের স্থানীয় অর্থনৈতিক কার্যকলাপ গতিশীল ও বৃদ্ধি করার উদ্দেশ্যে নিত্যপ্রয়োজনীয় এবং অন্যান্য পণ্যগুলি নিয়মিত পরিবহন করা হচ্ছে। উন্নত টার্মিনাল হ্যাভলিং

সুবিধা এবং আরও পণ্য শেডের চালু করা ফলে গ্রাহক এবং অন্যান্য স্টেকহোল্ডারদের জন্য একটি সীমিত সময়ের মধ্যে অন্তিমুখী রেকগুলি আনলোড এবং খালী করার জন্য আনলোডিং কাজটিকে আরও সুবিধাজনক করে তুলেছে। সমস্ত স্তরে ক্রমাগত পর্ববর্ধকগণের ফলে টার্নআরাউন্ড সময় হ্রাস এবং আনলোডিং দক্ষতা বৃদ্ধি পেয়েছে।

‘দর্শকরা যত বিদ্রুপ করবে ভালো খেললে ততটাই বাহবা দেবে’ হার্দিকের জন্য যুক্তি সাজালেন ইশান

দুরন্ত বার্তা প্রতিবেদন

অধিনায়ক হিসেবে মুম্বই ইন্ডিয়ানস দলে যোগ দেওয়ার পর থেকেই বিতর্কের কেন্দ্রবিন্দুতে রয়েছেন হার্দিক পাতিয়া। কিছু করলেও দর্শকরা তাকে কটুক্তি করতে ছাড়বে না। আবার কিছু না করলেও শুনতে হচ্ছে বিদ্রুপ। পরিস্থিতি এতটাই খারাপ হয়েছিল যে এবারের আইপিএলের একটি ম্যাচে টসের সময় সঞ্জয় মঞ্জরেকরকে দর্শকদের উদ্দেশ্যে বলতে শোনা গেছিল, সংঘাত

সামনে তাঁর কটুক্তি করা মানে বিদেশীদের সামনে নিজের দেশের ক্রিকেটের গৌরব নষ্ট করা। এরপরই বিরাটের কথা শুনে সমর্থকরা, হার্দিকের নামে স্লোগান দিতে থাকে। ম্যাচে অবশ্য বিরাট কোহলির দল হেরে যায়, সৌজন্যে ইশান কিষান এবং সূর্যকুমার যাদবের দৃশ্যই ইনিংস। খেলার পর সাংবাদিক সম্মেলনে এসে দলের ঘুরে দাঁড়ানোর কথা বলেন ইশান। বাকিদের প্রশংসা করার সময়ই উঠে আসে হার্দিক প্রসঙ্গ। সাংবাদিকদের তিনি বলেন,

ওকে পড়তে হয়েছিল। ফলে বিষয়টা চ্যালেঞ্জ হিসেবেই নিয়েছে। এসব নিয়ে কথা বলতে দেখা যাবে না ওকে(হার্দিক)। কারণ বিষয়গুলোকে অতটাও গুরুত্ব দেয় না। হার্দিক ভালো ভাবেই জানেন, সমর্থকদের আটকানো সম্ভব না। কোনও কিছু পছন্দ না হলে বিদ্রুপ আসবে, সেটা হার্ডওয়ার্ক আর পারফরমেন্স দিয়েই পূরণ করতে হবে। ভালো খেললেই দর্শকরা মাথায় তুলে রাখবে। গোটা দল ওর সঙ্গে আছে। ফ্র্যাঞ্চাইজিও পাশে



হওয়ার জন্য। এরই মধ্যে দলের অধিনায়কের পাশে দাঁড়ালেন আরসিবির বিপক্ষে দুরন্ত ইনিংস খেলা ইশান কিষান। ইন্ডিয়ানসের এই বাহাতি ব্যাটার বলছেন, সমর্থকদের কটুক্তি মোটেই গায়ে মথেন না তাঁদের অধিনায়ক, বরং উপভোগ্য করেন। রয়্যাল চ্যালেঞ্জার্স বেন্সালুর বিপক্ষে ম্যাচে অবশ্য হার্দিকের পাশে দাঁড়িয়ে ছিলেন ভারতীয় ক্রিকেটের গোস্টার বয় বিরাট কোহলিও। ওয়াশিংটনে স্টেডিয়ামে হার্দিকের নিয়ে বিদ্রুপ শুরু হতেই গ্যালারির দিকে তাকিয়ে তাদের চুপ করতে বলেন বিরাট। বোঝানোর চেষ্টা করেন, হার্দিক ভারতের ক্রিকেটার। সবলেন

“আমি যেটুকু দেখেছি হার্দিক পাতিয়াকে, ও এইসব বিষয়গুলো গায়ে মাখে না। সমর্থকরা কটুক্তি করলেও খুব বেশি তা নিয়ে ভাবিত নন পাতিয়া। বরং বিষয়গুলো উপভোগ্য করে। ও(হার্দিক) জানে দর্শকরা যত কটুক্তি করবে, ভালো খেললে ততটাই বাহবা দেবে। সেই কারণেই ব্যাট হাতে নেমে প্রথম বলেই ওভার বাউন্ডারি মারার চেষ্টা করে। ব্যাটের ব্যাট তার পারফরমেন্সে নজর দেয়।” অতীতে একটি বিবৃতিতে সাক্ষাৎকারের কথাও উল্লেখ করে ইশান বলেন, “হার্দিক চ্যালেঞ্জ নিতে পছন্দ করে। এটা প্রথম নয়। এর আগেও এরকমই পরিস্থিতিতে

রয়েছে।” অবশ্য ইশান কিষান এতদিন নিজের এবং দলের পারফরমেন্সের জন্যই কিছু বলতে পারেননি বলে মনে করছে নেটিভজেনরা। কারণ প্রথম তিন ম্যাচে দল হেরেছে শুধু তাই নয়, বুঝারহকে দিয়ে বোলিং ওপেন না করানোর সিদ্ধান্তও বুঝারহকে দিয়ে ফিরেছিল। এছাড়া প্রথম ম্যাচেই বোহিতকে বাউন্ডারি লাইনে ফিল্ডিং করতে পাঠিয়েও দর্শকদের রোষের মুখে পড়েছিলেন হার্দিক। অবশ্য বহু প্রচলিত একটি প্রবাদ, খারাপ সময় অশান্তি লেগেই থাকে, ভালো সময় চাপা পড়ে থাকে। হয়ত দল জেতাই সেই বিতর্ক আপাতত থিতুয়েই পড়বে।

আমার কাছে ৫০ ওভারের বিশ্বকাপই আসল বিশ্বকাপ ভারতের ক্যাপ্টেন জানিয়ে দিলেন নিজের পছন্দ

মুম্বই, ১২ এপ্রিলঃ যতই টি-টোয়েন্টি হাইট ফেলে দিক, নতুন দিশা দেখাক ক্রিকেটকে, ফ্র্যাঞ্চাইজি দুনিয়া অর্থের জোয়ার তুলে দিক, ক্রিকেটাররা আজও কৌলিয়ার পক্ষেই। টেস্ট ক্রিকেট যে কারণে বেঁচেবেঁচে থাকবে। যতই চাপে পড়ুক, ভবিষ্যৎ নিয়ে উঠে যাক প্রশ্ন, ওয়ান ডে ক্রিকেটের পক্ষে সাওয়াল করবেন ক্রিকেটাররা। এই তালিকায় রয়েছেন অনেকেই। যারা ওয়ান ডে ক্রিকেট দেখতে দেখতে বড় হয়েছেন, খেলতেও ভালোবাসেন। এই তালিকার প্রথম সারিতে মিতুজিসিয়ান এড শিরান আর অ্যাক্সর গৌরভ গুণ্ডাকে দেওয়া সাক্ষাৎকারে ভারতীয় টিমের ক্যাপ্টেন রোহিত জানিয়ে দিলেন তাঁর পছন্দের কথা। গত বছর ভারতের মাটিতে অনুষ্ঠিত হয়েছে ওয়ান ডে বিশ্বকাপ। সারা টুর্নামেন্টে দুরন্ত পারফর্ম করেছে ভারত। কিন্তু ফাইনালে অস্ট্রেলিয়ার কাছে হেরে

টুফির স্বপ্নপূরণ হয়নি। ওয়ান ডে বিশ্বকাপ কি আর খেলতে চান না ওয়ান ডে বিশ্বকাপ? রোহিত বলে



দিলেন, “৫০ ওভারের বিশ্বকাপ আমার কাছে আসল বিশ্বকাপ। এই বিশ্বকাপ দেখতে দেখতেই আমরা বড় হয়েছি। ভারতের মাটিতে আমাদের সমর্থকদের সামনেই এই বিশ্বকাপ আয়োজিত হয়েছে। ফাইনালের আগে পর্যন্ত আমরা দারুণ খেলেছি। যখন সেমিফাইনাল

জিতেছিলাম, ভেবেছিলাম, আর একটা ধাপ বাকি। পুরো টিম সচিক পথে এগোচ্ছে। আমরা যে পারেননি বিশ্বকাপ ফাইনাল হাতছাড়া করা। ভারতের ক্যাপ্টেন বলে দিচ্ছেন, “একটা খারাপ দিন আমাদের গিয়েছিল। আর সেটা হয়েছিল ফাইনালেই। ফাইনালেও আমরা খারাপ ক্রিকেট খেলিনি। তবে যে ভাবে ম্যাচটা নিয়ন্ত্রণে রাখতে চেয়েছিলাম, পারিনি। প্রতিপক্ষ হিসেবে অস্ট্রেলিয়া আমাদের থেকে সামান্য এগিয়ে ছিল।” অবসর নিয়েও এড শিরানের জনপ্রিয় গান “পারফেক্ট”-এর মতোই পারফেক্ট রিলাই দিলেন রোহিত। অবসর প্রসঙ্গে বলছেন, “আমি এখনও অবসর নিয়ে ভাবিনি। জীবন কোথায় নিয়ে যাবে জানা নেই। এখনও ভালো খেলছি, তাই এই মুহুর্তে খেলা চালিয়ে যাওয়ার কথাই ভাবছি। জানি না কতদিন। তবে বিশ্বকাপ জিততে চাই, ২০২৫ সালে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালও রয়েছে। আশা করি আমরা ফাইনালে উঠব।”

ফাইনালটা হারতে পারি, একবারের জন্যও মনে হয়নি। কাপ জেতার জন্য যা যা দরকার, তাই করেছিলাম। টিমও সেবাটা দিচ্ছি। আন্তরিকতা ভরপুর ছিল।” একটা খারাপ দিন সব স্বপ্ন যেটে দেয়। রোহিতের টিমের ক্ষেত্রেও তাই হয়েছিল। রোহিত এখনও ভুলতে

প্যারিস অলিম্পিক্সের শেফ দ্য মিশন পদ থেকে ইন্তুফা দিলেন মেরি কম

নয়াদিল্লি, ১২ এপ্রিলঃ বিনা মেঘে বজ্রপাত। প্যারিস অলিম্পিক্সের শেফ দ্য মিশন পদ থেকে ইন্তুফা দিলেন কিংবদন্তি বজ্রার মেরি কম। তিনি নিজের এই সিদ্ধান্তের কথা জানিয়ে দিয়েছেন ভারতীয় অলিম্পিক সংস্থার প্রধান পিটি উয়াকো। প্যারিস অলিম্পিক্সের জন্য শেফ দ্য মিশন নির্বাচিত হয়েছিলেন মেরি। তিনি অলিম্পিক্সে পদকধারী, সেইসঙ্গে ছয়বারের বিশ্বসেরা। কেন্দ্র মন্ত্রক থেকে নির্দেশ পেয়েই মেরিকে এই পদে বসানো হয়েছিল। কিন্তু মেরি জানিয়ে দিয়েছেন, তিনি এই পদে থাকতে পারবেন না। তার কারণ হিসেবে ব্যক্তিগত সমস্যার কথা বলেছেন। ভারতের নারী বজ্রার চিঠিতে আরও লিখেছেন, কোনও দায়িত্ব থেকে সরে আসা অত্যন্ত



লজ্জার। সাধারণত আমি এভাবে সরে দাঁড়াই না। কিন্তু আমার কাছে আর কোনও উপায় ছিল না। আমি দেশের অ্যাথলিটদের হয়ে গলা ফাটিতে চাই। তাঁরা অনেক পদক নিয়ে আসুক, সেটাই চাই আমি। মনে করা হচ্ছে, মণিপুুরের হিসার ঘটনায় কেন্দ্রের পদক্ষেপ নিয়ে সন্তুষ্ট ছিলেন না মেরি। সেই কারণে তিনি পদত্যাগ করতে পারেন, যদিও তিনি প্রকাশ্যে সেরকম কিছু বলেননি। আগামী ২৬ জুলাই থেকে ১১ আগস্ট পর্যন্ত অলিম্পিক্স হবে। মেরির চিঠি পেয়েছেন উমা। তিনি মেরির চিঠি প্রাপ্তির কথা স্বীকার করে জানান, “সত্যিই বিষয়টি দুঃখজনক। মেরির মতো কিংবদন্তি এই পদে থাকলে ভাল হতো। তবে আমাদের মেনেও নিতে হয়েছে। তার ওই সিদ্ধান্ত। ২১ মার্চই মেরির নাম শেফ দ্য মিশন হিসেবে বিবেচনা করা হয়েছিল।”

সর্বোচ্চ গোলদাতার লড়াইও জমেছে বেশ



লন্ডন, ১২ এপ্রিলঃ আর্সেনাল ৭১, লিভারপুল ৭১, ম্যানচেস্টার সিটি ৭০-৩০ ম্যাচ শেষে ইংলিশ প্রিমিয়ার লিগে শীর্ষ তিন দলের পয়েন্ট। মাত্র ১ পয়েন্টের ব্যবধান আলাদা করেছে তিন দলকে। এমন ত্রিমুখী শিরোপার লড়াই শেষে কারা শেষ হাসি হাসবে কে জানে। টান টান উত্তেজনার শিরোপা লড়াইয়ের মতো এবারের প্রিমিয়ার লিগে আরেকটি লড়াইও জমেছে বেশ। সেই লড়াইটি ব্যক্তিগত-সর্বোচ্চ গোলদাতা হওয়ার লড়াই। লিগ জয়ের ইদুর লেগে তিনটি দল টিকে থাকলেও সর্বোচ্চ গোলদাতা হওয়ার লড়াইয়ে প্রতিদ্বন্দ্বী হিসেবে টিকে আছেন ১০ জন। যেখানে সর্বোচ্চ গোলদাতার চেয়ে ১০ নম্বরের ব্যবধান মাত্র ৫ গোলের। গত মরসুমে প্রিমিয়ার লিগ অভিযোজিত ৩৬ গোল করে সর্বোচ্চ গোলদাতা হয়েছিলেন আর্লিং হলান্ড। ম্যানচেস্টার সিটির নরওয়েজীয় স্ট্রাইকারই যে সর্বোচ্চ গোলদাতা হতে যাচ্ছেন বোঝা গিয়েছিল লিগ মাঝ পথেই। সেই হলান্ডই এবারও এখন পর্যন্ত সবচেয়ে বেশি গোল করেছেন। তবে সাত ম্যাচ হাতে থাকা হলান্ডের গোল এখনো ২০ ছোঁয়নি। এবার ২৫ ম্যাচ খেলে ১৯ গোল তাঁর। ৩১ ম্যাচে ১৮ গোল করে হলান্ডের ঘাড়ে তও নিশাস ফেলেছেন অ্যাস্টন ভিলার ওলি ওয়াটকিন্স। প্রিমিয়ার লিগে এক মরসুমে ইংলিশ স্ট্রাইকার এর আগে সর্বোচ্চ ১৫ গোল করেছিলেন গতবার। এর আগে তিনবার সর্বোচ্চ গোলদাতা হওয়া মহম্মদ সালাহ ১৭ গোল করে আছেন তিনি। লিভারপুলের মিসরীয় ফরোয়ার্ড এবার ম্যাচ খেলেছেন ২৫টি। ১৬ গোল করে এরপর যৌথভাবে চারে চেলসির কোল পালমার ও বোর্নমাউথের ডমিনিক সোলান্কা। প্রিমিয়ার লিগ ক্যারিয়ারে ইংলিশ মিডফিল্ডার পালমারের মোট গোলই ১৬টি। অন্যদিকে ইংলিশ ফরোয়ার্ড সোলান্কা এবারই প্রথমবার গোলসংখ্যাটিকে দুই অঙ্কে নিতে পারলেন। সর্বোচ্চ গোলদাতার তালিকায় শীর্ষ দশে থাকা অন্য পাঁচজন জ্যারড বোয়েন, আলেকসান্দার ইসাক, সন হিউং-মিন, ফিল ফোডেন ও বুকায়ো সাকা। এদের প্রথম তিনজন করেছেন ১৫ গোল, শেষের দুজন ১৪ গোল।

কেন সরে দাঁড়িয়েছেন, খোলসা করলেন জেসন রয়

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ এপ্রিলঃ কলকাতা নাইট রাইডার্স ছিলেন জেসন রয়। এ বারও তাঁকে রিটেন্ন করছিল কেকেআর। সব কিছু ঠিক থাকলে ওপেন করতেন তিনিই। আইপিএল স্তরের কিছুদিন আগে হটাৎই টুর্নামেন্ট থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নেন ইংল্যান্ডের এই ক্রিকেটার। তাঁরই পরিবর্তে ফিল সল্টকে সই করায় কেকেআর। কেন সরে দাঁড়িয়েছিলেন জেসন রয়? সেটাই খোলসা করেছেন ইংল্যান্ডের তারকা ক্রিকেটার। একটি পডকাস্টে জেসন রয় বলেন, “আইপিএলে না খেলাটা আমার কাছে বিরাট সিদ্ধান্ত ছিল। আমি কেকেআরের কাছে ঋণী। যদিও শেষ মুহুর্তে আমাকে সরে দাঁড়াতেই হল। নিজের মানসিকতা বদলাতে বাধ্য হয়েছিলাম।” তাঁর যে প্রচুর ক্রিকেট খেলতে হয়েছে, ওয়ার্কলাইফ ম্যানেজমেন্টের জন্য সরতে হয়েছে তা নয়। পরিবারের প্রতি দায়বদ্ধতাকেই বেশি গুরুত্ব দেওয়া শ্রেয় মনে করেন রয়। সেই প্রসঙ্গই তুলে ধরেন। বলছেন, “প্রচুর ক্রিকেট খেলেছি, তা নয়। পরিবারের প্রতি কিছু দায়বদ্ধতা থেকেই এমন সিদ্ধান্ত নিয়েছি।”

সৌদি সুপার কাপ জিতল আল হিলাল

রিয়াদ, ১২ এপ্রিলঃ আল ইত্তিহাদকে ৪-১ গোলে হারিয়ে সৌদি সুপার কাপ জিতেছে আল হিলাল। ইত্তিহাদের হয়ে করিম বেনজোমা খেললেও আল হিলালের নেইমার ছিলেন গ্যালারিভে। এখনো সুস্থ না হওয়া নেইমার মাঠে উপস্থিত থেকে সতীর্থদের খেলা দেখেছেন, ম্যাচ শেষে অংশ নিয়েছেন ট্রফিউৎসবে। ম্যাচে আল হিলালের হয়ে জোড়া গোল করেন ব্রাজিলিয়ান ফরোয়ার্ড ম্যাকলম। অন্য দুটি গোল সালেম আল দাওসারি ও নাসের আল দাওসারিরা। আল ইত্তিহাদের পক্ষে একমাত্র গোলাটি আবদেলরাজ্জাক হামাদাল্লাহর। মরক্কোর এই ফরোয়ার্ড একটি পেনাল্টি মিসও করেন।

সৌদি সুপার কাপ জিতল আল হিলাল



আলুধাবির মহম্মদ বিন জায়েদ স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচটিতে জিতে শীর্ষ প্রতিযোগিতার দলগুলোর মধ্যে টানা সবচেয়ে বেশি জয়ের রেকর্ড আরও বাড়িয়ে নিয়েছে আল হিলাল। রিয়াদের ক্লাবটি টানা জয়ের সংখ্যা দাঁড়িয়েছে ৩৪-এ। সৌদি সুপার কাপ জেতার মাধ্যমে মরসুমে অন্তত চারটি ট্রফি জয়ের সম্ভাবনায় দাঁড়িয়ে আল হিলাল। সৌদি শ্রেণি লিগে দ্বিতীয় স্থানে থাকা আল নাসরের চেয়ে ১২ পয়েন্ট এগিয়ে আছে দলটি। আছে কিংস কাপ এবং এশিয়ান চ্যাম্পিয়নস লিগের সেমিফাইনালেও। চলতি মরসুমের শুরুতে পিএসজি ছেড়ে আল হিলালে নাম লেখানো নেইমার দলের হয়ে মাত্র পাঁচ ম্যাচ খেলতে পেরেছেন। চোটের কারণে চলতি মরসুমে তাঁর আর ম্যাচে নামা হবে না। তবে সৌদি সুপার কাপের সৌজন্যে এরই মধ্যে আল হিলালে একটি ট্রফি জেতা হয়ে গেছে ব্রাজিলিয়ান তারকার।

বিশ্বকাপে বিরাট আশা করি জায়গা পাবে না ম্যাক্সওয়েলের অবাধ মন্তব্য

বেঙ্গালুরু, ১২ এপ্রিলঃ বিতর্ক যেন থামছেই না। বিরাট কোহলির কি বিশ্বকাপ টিমে সুযোগ পাওয়া উচিত? কেউ বলছেন, স্ট্রাইক রেট যা, তাতে সুযোগ না পাওয়াই উচিত। বিরাট আগের মতো নিজেকে মেলে ধরতে পারছেন না। তরুণ প্রজন্মের কাউকে সুযোগ দেওয়া উচিত। কেউ আবার বলছেন, বিরাটের মধ্যে এখনও অনেক আগুন আছে। টি-টোয়েন্টি বিশ্বকাপে তিনি খেলবেনই। পরিস্থিতি যখন এমন, তখন গ্লেন ম্যাক্সওয়েল অবাধ করা মন্তব্য করে বসলেন। ম্যাক্স খেলেন বিরাটের টিম আরসিবিতে। তাও এমন বললেন কী করে? ইএসপিএন-কে দেওয়া ইন্টারভিউতে ম্যাক্সওয়েল বলেছেন, “যাদের বিরুদ্ধে খেলেছি, বিরাটই অন্যতম সেরা প্লেয়ার। ওর কেরিয়ারের দিকে তাকালে সেটা বোঝা যায়। ২০১৬ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপে মোহালিতে আমাদের বিরুদ্ধে যে অসাধারণ একটা ইনিংস খেলেছিল।



সম্ভাবনা থাকে। যে কোনও সময় বদলে যেতে পারে ম্যাক্সের গতি প্রকৃতি। ফর্মে আছেন, রান পাচ্ছেন মানে বিপক্ষ বোলারদেরও চাপে থাকতে হবে। এই বিরাট কোহলিকে বাদ দিয়ে ভারতীয় টিম ভাবাই যায় না। যাবেও না। অন্তত জুন মাসের টি-টোয়েন্টি বিশ্বকাপেও বিরাট টিমে থাকবেন, এমনটা জোর দিয়েই বলা যায়।

লিভারপুলের বড় হার, এই দলকে রূপও চেনেন না

লন্ডন, ১২ এপ্রিলঃ লিগে ম্যানচেস্টার ইউনাইটেডের সঙ্গে ড্র করে পয়েন্ট খোয়ানোর বেশ এখনো কাটেনি, এর মধ্যে ইউরোপা লিগেও বড় ধাক্কা খেল লিভারপুল। কাল রাতে ইউরোপা কোয়ার্টার ফাইনালের প্রথম লেগে আতলাস্তার কাছে ৩-০ গোলে হেরেছে ইয়ুর্গেন রূপের দল। আর সেটা নিজেদের মাঠে আনফিল্ডেই! ম্যাচের পর রূপ বলেছেন, লিভারপুলের খেলা একটা পর্যায়ে এতটাই জমজমাট ছিল, তিনি নিজেই চিনতে পারছিলেন না এটা তাঁর দল। এখনো দ্বিতীয় লেগ বাকি থাকায় এখনই ইউরোপা লিগ থেকে ছিটকে পড়েনি লিভারপুল। তবে আনফিল্ডে অপরাধজয়-যাত্রা থেমে গেল ১৪ মাস পর। রবিবার প্রিমিয়ার লিগে ইউনাইটেডের বিপক্ষে ম্যাচ থেকে ছয় পরিবর্তন নিয়ে দল নামিয়েছিলেন রূপ। শুকচটা ভালোও করেছেন প্রথম ১৫ মিনিটের মধ্যে গোলের ভালো সুযোগ তৈরি হয়েছিল। কিন্তু দারউইন নুনিয়েজ বদল লক্ষ্যে রাখতে না পারলে সেটা নষ্ট হয়। ধীরে ধীরে ম্যাচে নিয়ন্ত্রণ নেয় আতলাস্তা। যার শুরুটা হয় ৩৮ মিনিটে জিয়ানলুকা স্ক্যামাকার গোলে। প্রথমার্ধে ১-০ ব্যবধানে পিছিয়ে পড়ার পর দ্বিতীয়ার্ধের শুরুতেই মহম্মদ সালাহ, দমিনিক সোবোস্লাইদের



ম্যাচে আতলাস্তার দ্বিতীয় গোলাটি আসে ৬০ মিনিটে, গোলদাতা সেই স্ক্যামাকাই। ৮৩ মিনিটে লিভারপুলের ক্যফিন শেষ পেরেকটি ঠুকে দেন ক্রোয়াট মিডফিল্ডার মারিও পাসালিচ। লিভারপুল ঘরের মাঠে হারল

২০২৩ সালের ফেব্রুয়ারির পর এই প্রথম। আর গোল ব্যবধানের দিক থেকে ইউরোপের শীর্ষস্থানীয় লিগগুলোর মধ্যে ঘরের মাঠে যৌথভাবে সবচেয়ে বড় হার এটি। এর আগে

মরসুম শেষে অ্যানফিল্ড ছাড়তে যাওয়া এই জার্মানি বলেন, “খুবই বাজে একটা ম্যাচ খেলেছি। আমাদের শুকচটা ভালো ছিল। খুবই ভালো। কিন্তু সেটা ধরে রাখতে পারিনি। ওরা গোল করেছে আর আমরা নিয়ন্ত্রণ হারিয়েছি। মাঝমাঝে আমরা এখানে-সেখানে খেলেছি। আমিই চিনতে পারিনি।” ইউরোপা লিগের সেমিফাইনালে উঠতে হলে লিভারপুলকে এখন পরের লেগে অন্তত ৪-০ ব্যবধানে জিততে হবে। লিভারপুলের শেষ চারের স্বপ্ন টিকে আছে কি না, জিজ্ঞেস করলে রূপ বলেন, “সেটা এখনই বলার সময় নয়। একি সপ্তাহ পরের ম্যাচ নিয়ে ভাবার অবস্থায় আমি নেই। এর মাঝে আমাদের আরও একটি ম্যাচ (লিগে ক্রিস্টাল প্যালেসের বিপক্ষে) আছে। অবশ্যই জেতার চেষ্টা করব। আমরা তো জিততেই চাই।” লিভারপুল হারলও ইউরোপা লিগ কোয়ার্টার ফাইনাল প্রথম লেগে জয় পেয়েছে বায়ার লেভারকুসেন। নিজেদের মাঠে ইংলিশ ক্লাব ওয়েস্ট হামকে ২-০ ব্যবধানে হারিয়েছে জার্মান ক্লাবটি। লেভারকুসেনের হয়ে গোল দুটি করেন জোনাস হফমান ও ভিন্টার বোনিফেস। অন্য দুটি ম্যাচে মধ্য বেনফিকা ২-১ ব্যবধানে হারিয়েছে মার্সেইকে, রোমা ১-০ ব্যবধানে এসি মিলানকে।

প্রকাশিত

সুচিকিৎসা

২৬ বর্ষ • পঞ্চম সংখ্যা • ১ এপ্রিল ২০২৪

সুখম আহারে শরীর ফিট

- সচেতনতা অবলম্বন করে ক্রবিক কিডনি ডিজিজ থেকে দূরে থাকা সম্ভব
- ডায়াবেটিক নেফ্রোপ্যাথি ডায়াবেটিকদের কিডনির সমস্যা
- সফলতালান্তের পথে দরকার সার্থিক ও কার্যকরী জীবন পরিচালনা
- হাট রিপ্লেসমেন্টের কিছু সত্য ধারণা
- ইন্টারভেনশনাল কার্ডিওলজি
- সুখম গুণে ভরপুর মাহ
- সর্বোচ্চ প্রোটিন পাওয়া যাবে মাংসে

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে পাশের কোডটি স্ক্যান করুন